

পরস্পরের প্রতি বিশ্বাস

পরস্পরের প্রতি বিশ্বাস আমাদের সম্পর্কে করবে ইস্পাত কঠিন

যতদিন বিশ্বাস আছে, ভঙ্গন ধরবে না তোমার আমার মধ্যে

বিশ্বাসের দেয়াল ঘেরা আমরা থাকবো চির নিরাপদ ।

যদি বিশ্বাসের দেয়ালে চিড় ধরে অবিশ্বাসের স্পর্শে,

এক এক করে খসে পড়বে দেয়ালের গাঁথুনি

শত্রুরা হানা দিবে চতুর শেয়ালের মতো

তোমাকে আমাকে নিশ্চিহ্ন করবে বিচ্ছিন্নতায় ।

এসো, বিশ্বাসের বর্মে আশ্রয় নিই

তোমার আমার চিন্তা ধারাকে একথাতে প্রবাহিত করি

সমান তালে পা ফেলে এগিয়ে যাই সাফল্যের গন্তব্যে ।

পরস্পরের প্রতি বিশ্বাসে বিশ্বস্ত থাকবো শেষ পর্যন্ত

তোমার আমার শত্রুরা নিঃশেষ হলেও বেঁচে থাকবে বিশ্বাস

বহু থেকে এক হবো, বিশ্বাসের হাত ধরে পদযাত্রা চলতে থাকুক

চলতে চলতে বিশ্বাসের বন্ধন আরো অটুট হোক

গন্তব্যে পৌঁছে তুমি এবং আমি স্বতন্ত্র নই, আমরা হবো একক

বিশ্বাসের অটল দুর্গ, মানবতার অমর নিবাস ।

যদি বিশ্বাস থাকে, আমরা বহুর সমষ্টি এক

যদি অবিশ্বাস জন্মে, তুমি আমি নিঃসঙ্গ একা ।